

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
শ্রম শাখা  
[www.mole.gov.bd](http://www.mole.gov.bd)

নং-৪০.০০.০০০০.০৪২.০৬.০০৪.২২- ১৭৩

তারিখ: ০৬ ভাদ্র, ১৪২৯  
২১ আগস্ট, ২০২২

**প্রজ্ঞাপন**


শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সার্বিক দিক-নির্দেশনায় এবং আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) এর কারিগরি সহায়তায় সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয় ও স্টেকহোল্ডারগণের মতামতের ভিত্তিতে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক 'পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক জাতীয় কর্মপরিকল্পনা (২০২১-২০৩০)' প্রণয়ন করা হয়েছে। উক্ত কর্মপরিকল্পনার ৮ নং অনুচ্ছেদে কর্মপরিকল্পনাটির পরিবীক্ষণ ও মূল্যায়নের জন্য তত্ত্বাবধায়ক কমিটি (Supervisory Committee) নিয়োক্তভাবে গঠন করা হলো:

ক্রমিক	পদবী	কমিটিতে অবস্থান
১.	যুগ্মসচিব (শ্রম), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	আহ্বায়ক
২.	উপসচিব/সিনিয়র সহকারী সচিব (আন্তর্জাতিক সংস্থা), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	সদস্য
৩.	প্রতিনিধি, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ	সদস্য
৪.	প্রতিনিধি, শিক্ষা মন্ত্রণালয়	সদস্য
৫.	প্রতিনিধি, শিল্প মন্ত্রণালয়	সদস্য
৬.	প্রতিনিধি, বাণিজ্য মন্ত্রণালয়	সদস্য
৭.	প্রতিনিধি, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য
৮.	প্রতিনিধি, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	সদস্য
৯.	মালিক পক্ষের প্রতিনিধি (সেক্টর ভিত্তিক প্রতিনিধি)	সদস্য
১০.	শ্রমিক পক্ষের প্রতিনিধি (সেক্টর ভিত্তিক প্রতিনিধি)	সদস্য
১১.	যুগ্ম মহাপরিদর্শক (স্বাস্থ্য), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর	সদস্য-সচিব

**কার্যপরিধিঃ**

- কমিটি প্রতি ০৬ (ছয়) মাস অন্তর বৈঠক করে কর্মপরিকল্পনার অগ্রগতি ও বাস্তবায়ন পর্যালোচনাপূর্বক জাতীয় শিল্প, স্বাস্থ্য ও সেইফটি কাউন্সিলের নিকট প্রতিবেদন পেশ করবে।
- কমিটি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব-এর অনুমোদন সাপেক্ষে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং সংশ্লিষ্ট ক্ষেত্রের টেকনিক্যাল জ্ঞান সম্পন্ন কর্মকর্তা ও ব্যক্তিবর্গের সমন্বয়ে প্রয়োজনীয় সংখ্যক টেকনিক্যাল সাব-কমিটি গঠন করতে পারবে।
- কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সরকারী সংস্থা, মালিক ও শ্রমিক সংগঠন-এর প্রতিনিধি এবং যে কোন বিশেষজ্ঞকে কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



ড. মোহাম্মদ আব্দুল কাদের  
উপসচিব

নং-৪০.০০.০০০০.০৪২.০৬.০০৪.২২- ১৭৩ (১৭)

তারিখ: ০৬ ভাদ্র, ১৪২৯  
২১ আগস্ট, ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১. যুগ্মসচিব (শ্রম), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
২. উপসচিব/সিনিয়র সহকারী সচিব (আন্তর্জাতিক সংস্থা), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৩. মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
৪. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৫. সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
৬. সচিব, শিল্প মন্ত্রণালয়।
৭. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়।
৮. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৯. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
১০. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১১. উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তঁহাকে এই প্রজ্ঞাপনটি সরকারী গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ এবং ১০০ কপি সরবরাহের জন্য অনুরোধ করা হইল)।
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১৩. সিস্টেম এনালিস্ট, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হইল)।
১৪. যুগ্মমহাপরিদর্শক (স্বাস্থ্য), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
১৫. মালিক পক্ষের প্রতিনিধি (সেক্টর ভিত্তিক প্রতিনিধি)।
১৬. শ্রমিক পক্ষের প্রতিনিধি (সেক্টর ভিত্তিক প্রতিনিধি)।
১৭. অতিরিক্ত সচিব (শ্রম) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।